

হ্যাম্পশায়ারের শিশুদের জন্য প্রাথমিক বছর গুলোর (আর্লি ইয়ার) শিক্ষা

স্কুল শুরুর আগে শিশুরা নার্সারি, প্রি-স্কুল অথবা চাইল্ডমাইন্ডারের নিকট থেকে উপকৃত হয়। এটা শিশুদের বন্ধুত্ব স্থাপনে সহায়তা করে এবং স্কুল জীবনের জন্য তাদের তৈরি করে।

প্রাথমিক বছরের শিক্ষা

হ্যাম্পশায়ারের প্রত্যেক প্রি-স্কুল শিশু (৩ অথবা ৪ বছর বয়সের শিশু) তাদের তৃতীয় জন্মদিনের পরের টার্ম থেকে ৫৭০ ঘন্টার ফ্রি (বিনামূল্য) শিক্ষা উপহার অধিকার রাখে। এটা হতে পারে একদিনে ১০ ঘন্টা অথবা দুইদিনে ১৫ ঘন্টা বা তার বেশি। কোন স্বীকৃত নার্সারি, প্রি-স্কুল অথবা চাইল্ডমাইন্ডার এ শিক্ষা প্রদান করতে পারে। স্কুল টার্মের সময়ে এ ঘন্টাগুলো পূরণ করা যেতে পারে অথবা ছুটির সময়সহ সারা বছর জুড়ে পূরণ করা যেতে পারে। এ শিক্ষা দুটি প্রতিষ্ঠান থেকেও দেয়া যেতে পারে যদি সর্বমোট ফ্রি স্কুল ঘন্টার পরিমাণ ৫৭০ এর বেশি না হয়।

স্কুলের মতো কিছু পরিবারও আর্লি ইয়ার পিউপিল প্রিমিয়াম উপহার অধিকার রাখে যা প্রাথমিক বছরের শিক্ষা থেকে সর্বোত্তম ফল উপহার লক্ষ্যে শিশুদের দেয়া সহায়তার পরিমাণ এবং মান বাড়ানোর জন্য নার্সারি, প্রি-স্কুল এবং চাইল্ডমাইন্ডারদের দেয়া হয়।

আর্লি ইয়ার্স অ্যাক্শন এবং আর্লি ইয়ার্স উইল প্রিমিয়াম ফান্ডিং এর জন্য আবেদন করতে মা-বাবা বা অভিভাবকদেরকে শিশুর বর্তমান বা ভবিষ্যত নার্সারি, প্রি-স্কুল অথবা চাইল্ডমাইন্ডার সাথে যোগাযোগ করতে হবে।

এ জন্য ফর্ম পূরণ করাসহ শিশুর বয়স প্রমাণের প্রয়োজন হবে।

দুই বছর বয়স্ক শিশু

দুই বছর বয়সের শিশুরা তাদের দ্বিতীয় জন্মদিনের পরের টার্ম থেকে ৫৭০ ঘন্টার ফ্রি (বিনামূল্য) শিক্ষা পেতে পারে।

এর জন্য যোগ্য বিবেচিত হতে হলে আঁনার পরিবারকে পরিবারের আয় অথবা আঁনি যে ওয়েলফেয়ার সুবিধা (বেনিফিট) পান তার উপর ভিত্তি করে কিছু শর্ত পূরণ করতে হবে; অথবা আঁনার শিশু লোকাল অথরিটির কেয়ার/ অ্যাডশনের আওতায় আছে কি না অথবা তার কোন বিশেষ শিক্ষা সুবিধার প্রয়োজনীয়তা বা ডিস্যাবিলিটি আছে কি না তা বিবেচনায় নেয়া হবে।

শর্তগুলো দেখা এবং আবেদন করার জন্য অনলাইনে ভিজিট করুন: <http://www.hants.gov.uk/eye/2-year-old-offer-2>.



আরো তথ্য

শুরুতে আঁনি আঁনার হেলথ ভিজিটর, নার্সারি, প্রি-স্কুল অথবা চাইল্ডমাইন্ডারের সাথে কথা বলুন।

ফ্যামিলি ইনফর্মেশন সার্ভিস তাদের হেল্প লাইনের 0300 555 1384 মাধ্যমে তথ্য দিতে পারে অথবা এ ওয়েবসাইট ভিজিট করুন <http://www.hants.gov.uk/eye>.